

শিক্ষা

বাকশাল জবাই করে রাকসুর জিএস আমাদের জুলাই জিয়াফত

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) সাধারণ সম্পাদক (জিএস) সালাহউদ্দিন আমাদের নেতৃত্বে একটি গরুর নাম 'বাকশাল' রেখে সেটি জবাই করে 'জুলাই জিয়াফত' আয়োজন করা হয়েছে।

শনিবার (১৫ আগস্ট) দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে এ ভোজ অনুষ্ঠিত হয়।

আয়োজকরা জানান, ৭৫০ জন শিক্ষার্থী এই আয়োজনে অংশ নিয়েছেন। ৬৫০ জন শিক্ষার্থীর জন্য গরু ভোজ এবং বাকি ১০০ শিক্ষার্থীর জন্য বিকল্প খাবারের ব্যবস্থা করা হয়।

গুত্রবার রাতে ভোজের ঘোষণা দিয়ে সালাহউদ্দিন আমার তার ব্যক্তিগত ফেসবুক পেজে এক ভিডিও বার্তায় বলেন, '১৫ আগস্ট আপনাদের সবাইকে নিয়ে আমাদের যে প্রাণপ্রিয় গরুটা আনতে পারছি, তার নাম দেওয়া হয়েছে 'বাকশাল'। এই বাকশালটাকে আমরা কুরবানি করে উদযাপন করব। এটাকে জুলাই জিয়াফতও বলতে পারেন, জুলাইয়ের আপ্যায়ন। আপনাদের সবাইকে আমন্ত্রণ থাকবে।

এছাড়া সালাহউদ্দিন আমাদের মধ্যরাতে তার পেজে এক পোস্ট লেখেন, ১৫ আগস্ট রাতেই বাকশালরে শুয়াইয়া দিলাম। আমি মেজর সালাহউদ্দিন আমার বলছি। লীগের.. (গালি) আগুন ধরাইতে যে মজা গো...।

এ আয়োজনে অংশগ্রহণ করতে শিক্ষার্থীদের কাছ থেকে গুগল ফর্মে আবেদন নেওয়া হয়েছে এবং রেজিস্ট্রেশন মূল্য রাখা হয়েছে ১৫ টাকা।

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে শুরুতে রাকসুর পক্ষ থেকে এই জিয়াফতের আয়োজন করা হয়েছে বলে প্রচারণা চালানো হয়। এরপর বিষয়টি নিয়ে শিক্ষার্থীরা সমালোচনা করে বিভিন্ন পোস্ট ও কमेंট করেন।

আয়োজনের বিষয়ে জানতে চাইলে রাকসু জিএস সালাহউদ্দিন আমাদের বলেন, শুরুতে রাকসুর পক্ষ থেকে প্রচারণা চালানো হয়েছিল। তবে রাকসুর সব সদস্য এতে একমত হয়নি। পরে আমাদের এক ভাই এটি উপহার দিয়েছেন। এখানে রাকসু জড়িত নয়।

আর গরুর নাম বাকশাল রাখার পেছনের কারণ সম্পর্কে তিনি বলেন, আজ বাকশাল পতনের ঐতিহাসিক দিন এবং জুলাই গণঅভ্যুত্থানের দুবছর পূর্তি, সেজন্য গরুর নাম বাকশাল রাখা হয়েছে।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আহ্বায়ক ফুয়াদ রাতুল বলেন, আগস্টকে কেন্দ্র করে এ ধরনের আয়োজন সস্তা রাজনীতির বহিঃপ্রকাশ। সবচেয়ে দুঃখজনক বিষয় হলো, আয়োজনটি শিক্ষার্থীদের প্ল্যাটফর্ম রাকসুর ব্যানারে করা হচ্ছে। আমরা ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে রাজসুর নেতৃবৃন্দের এমন দাবি দেখেছি যে, এটি তাদের উদ্যোগে হচ্ছে। তাহলে শিক্ষার্থীদের প্ল্যাটফর্মকে ব্যবহার করে এ ধরনের আয়োজন কেন সে প্রশ্ন থেকেই যায়। যদি এটি সালাউদ্দিন আমাদের ব্যক্তিগত উদ্যোগও হয়ে থাকে, তাহলেও প্রশ্ন আসে, ছাত্রশিবির কেন নিজেদের ব্যানারে আয়োজনটি করছে না। শিক্ষার্থীদের প্ল্যাটফর্মের আড়ালে রাজনৈতিক কর্মসূচি পরিচালনার বিষয়টি নিয়ে তাই প্রশ্ন তোলা স্বাভাবিক।

আয়োজনের বিষয়ে শাখা ছাত্রশিবিরের সভাপতি মুজাহিদ ফয়সাল বলেন, রাকসু জিএসের এ আয়োজন এবং কোনো কার্যক্রমের সঙ্গে ছাত্রশিবিরের কোনো সম্পৃক্ততা নেই। শুনেছি এ আয়োজন তিনি নিজ উদ্যোগে করেছেন। আমরা ইতোপূর্বেও আমাদের অবস্থান স্পষ্ট করেছি। বিগত দিনে তার যত বিতর্কিত কর্মকাণ্ড সেগুলার সঙ্গে শিবিরের নূন্যতম সম্পৃক্ততা ছিল না। তারপরও আমাদের কর্মকাণ্ডকে একটি গোষ্ঠী উদ্দেশ্যপ্রণোদিত ভাবে শিবিরের কার্যক্রম উপস্থাপন করে অপরাধীনতা করছে।

এ বিভাগের আরও খবর



জবির দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক গাছ রোপণ ছাত্রদল নেতার
সরকারের দেশব্যাপী ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক
গাছের চারা রোপণ করেছেন...



একাদশে ভর্তির প্রথম ধাপের ফল প্রকাশ আজ, দেখবেন যেভাবে
২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের প্রথম পর্যায়ের ফল বুধবার (১৬ সেপ্টেম্বর)
রাত ৮টায় একযোগে প্রকাশ...



এসএসসির খাতা পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ, ফেল থেকে পাস ৪৫৮৫ শিক্ষার্থী
চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হয়েছে। পুনঃনিরীক্ষণের পর ফেল
থেকে পাস করেছেন ৪ হাজার ৫৮৫...



ইবতেদায়িসহ সব মন্ত্রিসভা চালু হবে মিড-ডে মিল: শিক্ষামন্ত্রী
শিক্ষামন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন জানিয়েছেন ২০২৬-২০৩১ অর্থবছরের মধ্যে ইবতেদায়ি মন্ত্রিসভা দেশের সব মন্ত্রিসভায়
মিড-ডে মিল চালুর পরিকল্পনা...